

নর্থ সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশনের সাবেক চেয়ারম্যান এবিএম কামাল উদ্দিন খানের ১৯তম মৃত্যুবার্ষিকী আজ

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) বোর্ড অব ট্রাস্টিজ প্রতিষ্ঠানটির প্রয়াত প্রতিষ্ঠাতা আজীবন সদস্য এবিএম কামাল উদ্দিন খানের ১৯তম মৃত্যুবার্ষিকীতে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছে।

প্রয়াত এবিএম কামাল উদ্দিন খান ছিলেন এনএসইউ ফাউন্ডেশনের অন্যতম প্রতিষ্ঠাতা আজীবন সদস্য। পরে এই ফাউন্ডেশনের নামকরণ করা হয় নর্থ সাউথ ফাউন্ডেশন। পরবর্তীকালে যা 'দ্য নর্থ সাউথ ফাউন্ডেশন ফর এডুকেশন অ্যান্ড রিসার্চ' নামে পুনর্গঠিত হয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) প্রতিষ্ঠা ও পরিচালনার দায়িত্ব পালন করে। নর্থ সাউথ ফাউন্ডেশনের



মরহুম এবিএম কামাল উদ্দিন খান

রূপান্তরে বিশেষ অবদান রাখেন এবিএম কামাল উদ্দিন খান। তিনি নর্থ সাউথ ইউনিভার্সিটির ভিত্তি ও বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এবিএম কামাল উদ্দিন খান

নর্থ সাউথ ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা আজীবন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি ছিলেন তৎকালীন এনএসইউ পরিচালনা পর্ষদের একজন সদস্য। প্রয়াত এবিএম কামাল উদ্দিন খান একজন সফল শিল্পপতি ও বিশিষ্ট ব্যাংকার ছিলেন। দেশের শিক্ষা ক্ষেত্রে অবদানের পাশাপাশি খ্যাতিমান সমাজসেবক হিসেবেও তিনি ছিলেন সুপরিচিত।

এবিএম কামাল উদ্দিন খানের ১৯তম মৃত্যুবার্ষিকীতে পরিবারের সদস্যবৃন্দ এবং এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজ তাঁর বিদেহী আত্মার শান্তি ও রুহের মাগফিরাত কামনা করেন।

দোয়া ও মাগফিরাত কামনায়



NORTH SOUTH UNIVERSITY
Center of Excellence in Higher Education

বোর্ড অব ট্রাস্টিজ ও বোর্ড অব গভর্নরসের সদস্যবৃন্দ,
দ্য নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ট্রাস্ট,
নর্থ সাউথ ফাউন্ডেশন ফর এডুকেশন অ্যান্ড রিসার্চ,
এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রশাসন ও শিক্ষকবৃন্দ